

TDP (General) 1st Semester Exam., 2021
(Held in 2022)

BENGALI
(General)

FIRST PAPER

Full Marks : 80

Time : 3 hours

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও

বিভাগ—ক

(ক) নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 20 = 40$

- ১। 'চর্যাপদ' কে, কবে এবং কোথা থেকে আবিষ্কার করেন?
- ২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ষষ্ঠ সংখ্যা কয়টি? শেষ ষষ্ঠটির নাম কী?
- ৩। দুজন চৈতন্যজীবনীকার ও তাঁদের রচিত গ্রন্থের নাম উল্লেখ করো।
- ৪। কৃত্তিবাস ওঝাকে 'এ বঙ্গের অলঙ্কার' কে বলেছেন? তাঁর রচিত 'রামায়ণ'-এর পুঁথিটির প্রকৃত নাম কী?
- ৫। 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদকের নাম কী? কার নির্দেশে তিনি 'মহাভারত' অনুবাদ করেন?
- ৬। ফোর্ট উইলিয়াম কলেজ কবে, কী উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল?

- ৭। কোন্ নাটকের অভিনয় দেখে মধুসূদন বাংলা নাটক রচনার সিদ্ধান্ত নিয়েছিলেন? নাটকটি কার লেখা?
- ৮। ত্রিপুরার ইতিহাসের প্রেক্ষাপটে লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসটির নাম কী? উপন্যাসটির প্রকাশকাল কত?
- ৯। বিজন ভট্টাচার্যের লেখা দুটি নাটকের নাম লেখো।
- ১০। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত দুটি উপন্যাসের নাম লেখো।

১১। "স্বৈদ-মকরন্দ বিন্দু বিশ্ব চ্যুত
বিকশিত ভাব-কদম্ব ॥"

পদটির রচয়িতা কে? 'স্বৈদ' শব্দের অর্থ কী?

১২। "কণ্টক গাড়ি কমল সম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।"

কোন পর্যায়ের পদ? 'মঞ্জীর' শব্দের অর্থ কী?

১৩। "মন্দির-বাহির কঠিন কপাট।"

এর পরের পংক্তিটি লেখো। পদটির রচয়িতা কে?

১৪। "যাহাঁ পহঁ অরুণ-চরণে চলি যাত।"

কোন পর্যায়ের পদ? পদকর্তা কে?

১৫। "পাসরিতে করি মনে পাসরা না যায় গো
কি করিব কি হবে উপায় ॥"

পদকর্তা কে? 'পাসরা' শব্দের অর্থ কী?

১৬। 'মেঘনাদবধ কাব্য'-এর সর্গ সংখ্যা কয়টি? এই কাব্যের চতুর্থ সর্গের নাম কী?

১৭। “এয়ো তুমি, তোমার কি সাজে/এ বেশ?”

বক্তা কে? ‘এয়ো’ শব্দের অর্থ কী?

১৮। “অজিন (রঞ্জিত, আহা, কত শত রঙে!)

পাতি বসিতাম কতু দীর্ঘ তরু-মূলে,”

বক্তা কে? ‘অজিন’ শব্দের অর্থ কী?

১৯। “মহে দোষ মম ;

তোমার আদেশে আমি ছাড়িনু তোমারে।”

বক্তা কে? বক্তা কোন প্রসঙ্গে একথা বলেছেন?

২০। “শূনা ঘরে পেয়ে

আমায় হরিছে পাপী, কহিও একথা

দেখা যদি হয়, প্রভু, রাখবের সাথে!”

বক্তা কাকে উদ্দেশ্য করে, কোন প্রসঙ্গে একথা বলেছেন?

বিভাগ—খ

(খ) নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও : $১০ \times ৪ = ৪০$

প্রথম একক

১। (ক) ‘চর্যাপদ’-এর পুঁথি-পরিচয় সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করে। ‘চর্যাপদ’-এর সাহিত্যমূল্য নিরূপণ করে। $৫+৫=১০$

অথবা

(খ) বাংলা ভাষায় লিখিত চৈতন্য-জীবনীকাব্যগুলির মধ্যে উল্লেখযোগ্য দুজন কবির কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। $৫+৫=১০$

দ্বিতীয় একক

২। (ক) বিদ্যাসাগরের রচনাবলীর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁকে যথার্থই বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী বলা যায় কিনা, আলোচনা করো। $৬+৪=১০$

অথবা

(খ) কবি জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থগুলির নাম উল্লেখ করে কবির কাব্য-প্রতিভার পরিচয় দাও। ১০

তৃতীয় একক

৩। (ক) ‘পূর্বরাগ’ বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? পূর্বরাগ পর্যায়ের পদ রচনায় তাঁর কৃতিত্বের পরিচয় দাও। $২+১+৭=১০$

অথবা

(খ) ‘মাধুর’ বলতে কী বোঝায়? তোমার পঠ্যপদ অবলম্বনে মাধুর পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্বের পরিচয় দাও। $২+৪+৪=১০$

চতুর্থ একক

৪। (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গের কাহিনিগত উপযোগিতা কী তা আলোচনা করে দেখাও। ১০

অথবা

(খ) “পঞ্চবটী বনে মোরা গোদাবরী তটে হিনু সুখে—”
কে, কাকে বলেছেন? প্রসঙ্গ উল্লেখ করো। বঙ্গের অতীত সুখের বর্ণনা দাও। $২+৩+৫=১০$
